

BENGALI(H-DSE) -6th SEMESTER

কর্ণ-কুন্তী সংবাদ

Marks-1

- ‘কর্ণ-কুন্তী সংবাদ’ কোন কাব্য গ্রন্থের অন্তর্গত?
 - » ‘কাহিনী’ কাব্য গ্রন্থের অন্তর্গত।
- ‘কর্ণ-কুন্তী সংবাদ’- এর সময়কাল কত?
 - » 15ফাল্গুন,1306বঙ্গাব্দ।
- কর্ণের পালিত মায়ের নাম কী?
 - » কর্ণের পালিত মাতার নাম রাধা।
- কে কর্ণকে অঙ্গ রাজ্য দান করেছিলেন?
 - » গান্ধারী পুত্র দুর্যোধন কর্ণকে অঙ্গ রাজ্য দান করেছিল।
- ‘আমি কুরু সেনাপতি’-উক্তিটি কার?
 - » উক্তিটি কর্ণের।
- ‘আয়,নির্বিচারে সকল ভ্রাতাদের মাঝে মাতৃ অঙ্কে -মম লহ আপনার স্থান ‘-উক্তিটি কার উদ্দেশ্যে কে বলেছেন?
 - » এই উক্তিটি কুন্তী কর্ণের উদ্দেশ্যে বলেছেন।
- নাট্য-কাব্যটিতে কর্ণ কুন্তী কে কী সম্বোধনে কথা বলেছেন?
 - » কর্ণ কুন্তী কে অর্জুন জননী বলে সম্বোধন করেছেন।
- ‘দেবী,কহ আর বার আমি পুত্র তব!-কে কার উদ্দেশ্যে এই উক্তিটি করেছেন?
 - » কর্ণ,কুন্তীর উদ্দেশ্যে এই উক্তিটি করেছেন।
- পঞ্চপাণ্ডব গণের নাম লেখ।
 - » যুধিষ্ঠীর ভীম, অর্জুন, নকুল, সহদেব।

- 'সুত পুত্র আমি, রাধা মোর মাতা'-উক্তিটি কার?
» এই উক্তিটি কর্ণের।
- কর্ণ কুন্তীর কাছে কী আশীর্বাদ চেয়ে নেন?
» জয় লোভ, রাজ্য লোভের জন্য বীরের সদ গতি থেকে যেন কর্ণ ভ্রষ্ট না হয়ে যায়।

.....x.....x.....

অন্তরা দে (RGC)